জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা।

ইউ.ও নোট

বিষয়ঃ প্রচার ও বিজ্ঞাপন সংক্রান্ত কৌশলপত্র প্রণয়ন বিষয়ক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে গত ১৬ মার্চ ২০১৫ খ্রিঃ তারিখে ভ্যাট অনলাইন প্রকল্প অফিসের সম্মেলন কক্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান মহোদয়ের সভাপতিত্বে বিজ্ঞাপন ও প্রচার সংক্রান্ত কৌশলপত্র প্রণয়ন বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, সে বিষয়ে আগামী ২৪/০৮/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। সভার কার্যবিবরণী ০৫ (পাঁচ) পাতা।

১৮.৮.১৫

(এম ইদ্রিস সিদ্দিকী)
প্রথম সচিব (বোর্ড প্রশাসন)
ফোন- ৯৩৩৩৫১৪

০১। সদস্য (সকল),জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা।
০২। মহাপরিচালক,সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল(সিআইসি),জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা।
০৩। কমিশনার/মহাপরিচালক, (সকল), শুল্ক ও মূসক বিভাগ।
০৪। কর কমিশনার/ মহাপরিচালক(সকল),আয়কর বিভাগ।
০৫। প্রথম সচিব (সকল)(কর প্রশাসন)/(শুল্ক ও ভ্যাট প্রশাসন)/(বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা।
০৬। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা।
০৭। অফিস কপি।

ইউ.ও নোট নং- ০৮.০১.০০০০.০০৬.০১.০১.১৫- ৪১২ তারিখঃ ১৮/০৮/২০১৫ খ্রিঃ।

E:\IT of CR\U.O note\U.O note-160815-Advertise & announce (Strategy).doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

সভার কার্যবিবরণীঃ

নথি নং- ০৮.০১.০০০০.০০২.০৩.০০৩.১৫/২৩৭ তারিখঃ ১৭/০৪/২০১৫ইং

বিষয়ঃ ১৬ মার্চ, ২০১৫ খ্রিঃ জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে প্রচার ও বিজ্ঞাপন সংক্রান্ত কৌশল প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

১৬ মার্চ, ২০১৫ খ্রিঃ বিকাল ০৪:৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান এর সভাপতিত্বে ভ্যাট অনলাইন প্রকল্পের সম্মেলন কক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক, মূসক ও আয়কর অনুবিভাগের প্রতিনিধিদের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কর নীতি) ও সদস্য (মূসক নীতি) মহোদয়গণ উপস্থিত ছিলেন। জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত কমিশনারেট এবং অঞ্চল সমূহ বিক্ষিপ্তভাবে শুল্ক, মূসক ও আয়কর অনুবিভাগের বিভিন্ন কার্যক্রমের উপর বিজ্ঞাপন প্রচার করায় কাঙ্খিত ফল এবং প্রভাব প্রতিভাত হচ্ছে না। বিধায় ফলপ্রসূ এবং কার্যকরি বিজ্ঞাপন ও প্রচার সংক্রান্ত কৌশল পত্র প্রণয়ন করা জরুরী। উপস্থিত সকল প্রতিনিধির নিকট হতে তাঁদের এতদ্বিষয়ে সুচিন্তিত মতামত পর্যালোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	বাস্তবায়নের সময়কাল
০১।	বাড়ি ভাড়া প্রদান সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার।	প্রথম সচিব (কর নীতি) জনাব মো: আব্দুর রহমান খান প্রতি বৎসর অর্থ আইনে যে পরিবর্তনগুলো নিয়ে আসা হচ্ছে, সে বিষয়ে যথাযথ বিজ্ঞাপন ও প্রচারণা না থাকায় সাধারণ করদাতাসহ সবাইকে কাঙ্খিত পর্যায়ে Sensitize করা সম্ভব হচ্ছে না। ফলে কর প্রশাসন ও করদাতার মধ্যেকার দূরত্ব বৃদ্ধিসহ ভুল বোঝাবুঝির সুযোগ তৈরী হচ্ছে। উদাহরণ হিসেবে তিনি উল্লেখ করেন যে, অর্থ আইন-২০১৪ এ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্দ্ধে ভাড়া গ্রহণকারী সকল বাড়ীর মালিকের পৃথক ব্যাংক হিসাব খোলা এবং উহাতে ভাড়া জমাদানের বিষয়টি সম্পর্কে যথাযথ প্রচার না থাকায় তাঁদের কর নথিতে কর নির্ধারণকালে জরিমানা	২৫,০০০/- টাকার উর্দ্ধে বাড়ী ভাড়া ব্যাংকিং চ্যানেলে গ্রহণকালে চেক প্রদানকারী কর্তৃপক্ষের নিকট ই-টি আই এন সনদ দাখিলের বাধ্যবাধকতা প্রসংগে বিজ্ঞাপন ও প্রচারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সদস্য (কর নীতি)	চলমান অর্থবছর

		প্রদানের আইনগত বাধ্যবাধকতা প্রসঙ্গে তাঁরা অন্ধকারে থেকে যাচ্ছেন। একইভাবে আয়কর অধ্যাদেশে যে ২৭টি সেবা গ্রহণকালে সেবা প্রদানকারী কর্তৃপক্ষের নিকট সেবা গ্রহণকারীর e-TIN সনদ দাখিল বাধ্যতামূলক করা হয়েছে, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ যথাযথভাবে অবহিত না হওয়ায় এতদসংক্রান্ত Enforcement পরিপালনে বিচ্যুতির সৃষ্টি হচ্ছে।			
০২।	বাংলাদেশ জাতীয় দলের খেলোয়াড়গণের জার্সিতে কর সংক্রান্ত তথ্যসম্বলিত স্লোগান অর্ন্তভূক্তি সংক্রান্ত।	প্রথম সচিব (মূসক বাস্তবায়ন) জনাব মুহাম্মদ মুবিনুল কবীর বাংলাদেশ জাতীয় দলের খেলোয়াড়গণের জার্সিতে কর সংক্রান্ত তথ্যসম্বলিত স্লোগান অর্ন্তভূক্তির প্রস্তাব করেন। এ প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয় জাতীয় পর্যায়ের খেলোয়াড়গণকে ট্যাক্স অ্যাম্বাসেডর করা যায় কিনা জানতে চান।	জাতীয় দলের খেলোয়ারগণের জার্সিতে কর সংক্রান্ত তথ্য সম্বলিত স্লোগান অন্তর্ভূক্ত করা যায় কিনা? এ বিষয়ে আরো আলোচনা প্রয়োজন।	পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প।	চলমান অর্থবছর
০৩।	মাঠ পর্যায়ের কর্মকর্তাদের Behavioral Change With the Taxpayers যুগোপযোগি ও মানসম্মত করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারণা চালানো সংক্রান্ত।	প্রথম সচিব (মূসক নীতি) জনাব মোঃ ফাইজুর রহমান মাঠ পর্যায়ের কর্মকর্তাদের Behavioral Change With the Taxpayers যুগোপযোগি ও মানসম্মত করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচারণা চালানোর উপর গুরুত্বারোপ করেন।	Need based Media Partner নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য (মূসক নীতি)	চলমান অর্থবছর
০৪।	Police এবং RAB এর মতো পৃথক মিডিয়া সেল গঠন সংক্রান্ত।	ভ্যাট অনলাইন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক, জনাব হুসেইন আহমেদ জাতীয় রাজস্ব বোর্ডের বিভিন্ন Challenging Activities প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় Press Release	পৃথক মিডিয়া উইং গঠনের জন্য সমান্তরাল Police এবং RAB বাহিনীর অভিজ্ঞতা সম্পর্কে তথ্য সংগ্রহপূর্বক পুণরায় আলোচনা করা প্রয়োজন।	পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প।	চলমান অর্থবছর

		আকারে প্রকাশ ও প্রচার করার জন্য Police এবং RAB এর মতো পৃথক মিডিয়া সেল গঠনের প্রস্তাব করেন।			
০৫।	বিকল্প বিরোধ নিষ্পত্তি, আইনগত বিধানসমূহ উল্লেখপূর্বক বকেয়া কর পরিশোধের তাগিদ, ই-টি.আই.এন গ্রহণকারী সকল করদাতাগণকে রিটার্ন দাখিলে উদ্বুদ্ধকরণ, অগ্রীম কর পরিশোধ, উৎসে কর কর্তন ও তা যথানিয়মে জমাদান সংক্রান্ত বিজ্ঞাপন প্রচার।	প্রথম সচিব (ট্যাক্সেস লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট) জনাব মোঃ আবদুছ সামাদ আল আজাদ বিকল্প বিরোধ নিষ্পত্তি, আইনগত বিধানসমূহ উল্লেখপূর্বক বকেয়া কর পরিশোধের তাগিদ, ই-টি.আই.এন গ্রহণকারী সকল করদাতাগণকে রিটার্ন দাখিলে উদ্বুদ্ধকরণ, অগ্রীম কর পরিশোধ, উৎসে কর কর্তন ও তা যথানিয়মে জমাদান সংক্রান্ত বিজ্ঞাপন অর্থ বৎসরের শেষলগ্নে রাজস্ব আদায়ের জন্য অত্যন্ত কার্যকরী ও উপযোগি ভূমিকা পালন করবে বলে মতামত ব্যক্ত করেন।	এতদসংক্রান্ত বিজ্ঞাপন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা।	সদস্য (কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)	চলমান অর্থবছর
০৬।	SGMP প্রকল্প হতে জনগণকে অবহিত করে বিজ্ঞাপন ও প্রচারণা চালানোর উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।	সদস্য (কর নীতি) জনাব পারভেজ ইকবাল SGMP প্রকল্প হতে ভবিষ্যতে করদাতাগণ কি কি সুবিধা পাবেন ? এতদ্বিষয়ে SGMP প্রকল্প হতে জনগণকে অবহিত করে বিজ্ঞাপন ও প্রচারণা চালানোর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।	SGMP প্রকল্পের মধ্যে বিজ্ঞাপন ও প্রচারণার বিষয়টি অন্তর্ভূক্ত করা।	পরিচালক, SGMP প্রকল্প।	চলমান অর্থবছর
০৭।	কর বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত গণমুখী প্রচারণা ও বিজ্ঞাপনের ওপর গুরুত্বারোপ সংক্রান্ত।	সদস্য (মূসক নীতি) ব্যারিষ্টার জাহাঙ্গীর হোসেন কর বিষয়ক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত Open Days Workshop, Discussion Programme through Radio & TV, Quarterly Newsletter, Quarterly Press	এতদ্‌বিষয়ে সমন্বিত কর্মপরিকল্পনা উপস্থাপন করা।	পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প।	চলমান অর্থবছর

		Conference , Website launching, Educational campaign team , FAQ, Conscious Consumer lottery programmemn বিভিন্ন গণমুখী প্রচারণা ও বিজ্ঞাপনের ওপর গুরুত্বারোপ করেন।			
০৮।	শুল্ক ও আয়কর অনুবিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন সংক্রান্ত।	চেয়ারম্যান মহোদয় জাতীয় রাজস্ব বোর্ডের বিজ্ঞাপন ও প্রচারণা সংক্রান্ত বিশদ কৌশল প্রণয়নের লক্ষ্যে মূসক , শুল্ক ও আয়কর অনুবিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করার জন্য সদস্য (কর নীতি) ও সদস্য (মূসক নীতি) কে নির্দেশ দেন। কর প্রশাসন ও করদাতার মধ্যকার বিদ্যমান দূরত্ব হ্রাস করে কর প্রশাসনকে গণমুখী ও করদাতার দোরগোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে একটি Daylong workshop করার নির্দেশ প্রদান করেন ।	জাতীয় রাজস্ব বোর্ডের একটি স্বতন্ত্র মিডিয়া ওয়ার্কিং কমিটি সদস্য (মূসক নীতি) আহবায়ক, সদস্য (কর নীতি) সহ আহবায়নক ও প্রত্যোক উইং থেকে একজন প্রথম সচিব এবং প্রত্যেক প্রকল্প থেকে একজন উপ পরিচালক/সহকারী পরিচালক সমন্বয়ে গঠণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য (মূসক নীতি) ও সদস্য (কর নীতি)	চলমান অর্থবছর
০৯।	সিডি প্রচার সংক্রান্ত।	কর প্রদানে সম্মানিত করদাতাগণকে উদ্বুদ্ধ করণের লক্ষ্যে ইতোমধ্যে নির্মিত বিভিন্ন ডকুমেন্টারীর আলোকে একটি সিডি তৈরী করা। সিডিটি প্রচারের জন্য সচিব, তথ্য মন্ত্রাণালয় মহোদয় বরাবরে একটি আধা-সরকারি পত্র দেয়া যেতে পারে।	সিডি তৈরী ও আধাসরকারী পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প ও জনসংযোগ কর্মকর্তা।	চলমান অর্থবছর

D:\Weekly meeting of NBR\02-03-15 munites.docx

।	বাজেট পরামর্শক সভার সময় সম্মেলন কক্ষে ডিজিটাল পাবলিসিটির আয়োজন করন সংক্রান্ত।	বাজেট পরামর্শক সভার সময় সম্মেলন কক্ষে ডিজিটাল পাবলিসিটির (Digital Video Poster) আয়োজন করতে হবে।	(Digital Video Poster) তৈরী করতে হবে।	প্রকল্প পরিচালক ভ্যাট অনলাইন প্রকল্প	চলমান অর্থবছর
১১।	ইসলামিক ফাউন্ডেশন কর্মকর্তাদের সহিত সভা আয়োজন করন সংক্রান্ত।	কর , প্রদানে উৎসাহ প্রদান বিষয়ে মতবিনিময় করার জন্য ইসলামিক ফাউন্ডেশন কর্মকর্তাদের সহিত একটি সভা আয়োজন করা যেতে পারে। যাতে করে ইমাম/ মুয়াজ্জিনদের প্রশিক্ষণের সময় কর প্রদানে উৎসাহ ব্যাঞ্জক প্রেরণাধর্মী প্রশিক্ষণ দেয়া যায়।	মতবিনিয়ম সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য (কর নীতি)	চলমান অর্থবছর
১২।	কেন্দ্রীয়ভাবে জাতীয় রাজস্ব বোর্ড থেকে বিজ্ঞাপন প্রচার সংক্রান্ত।	একই ধরণের প্রদর্শনী বিজ্ঞাপন বিভিন্ন অফিস থেকে না দিয়ে কেন্দ্রীয়ভাবে জাতীয় রাজস্ব বোর্ড থেকে দেয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।	কেন্দ্রীয় ভাবে জাতীয় রাজস্ব বোর্ড থেকে একই ধরনের প্রদর্শনী বিজ্ঞাপন প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল সদস্য মহোদয়গণ	চলমান অর্থবছর

২। সভাপতি মহোদয় চলতি বছরের অবশিষ্ট সময়ে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সকল ধরনের প্রচেষ্টা অব্যাহত রাখার উপর রুত্বারোপ করেন । সভায় অন্য কোন বিষয় আলোচিত না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম মাপ্ত ঘোষণা করেন।

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

যে নং- ০৮.০১.০০০০.০০২.০৩.০০৩.১৫/ ৮৬৭

তারিখ ০৯/০৩/২০১৫ইং

নুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
। কমিশনার/মহাপরিচালক, (সকল), শুল্ক ও মূসক বিভাগ।
। কর কমিশনার/মহা-পরিচালক (সকল), আয়কর বিভাগ।
। প্রথম সচিব (সকল) (কর প্রশাসন)/(শুল্ক ও ভ্যাট প্রশাসন)/(বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড ,ঢাকা ।
। অফিস কপি/গার্ড ফাই

(মোঃ শহীদ উল্লাহ)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-২)

Weekly meeting of NBR\02-03-15 munites.docx